গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
**ঢাকা মশক নিবারণী দপ্তর**
২২/১/এ, নূর ফাতাহ লেন, লালবাগ, ঢাকা-১২১১
www.dmco.gov.bd

স্মারক নম্বর: ৪৬.২০.০০০০.০০০.১৬.০১২.**২৩৩**

তারিখ: ০১ আষাঢ় ১৪৩২
১৫ জুন ২০২৫

**বিষয়: স্থানীয় সরকার বিভাগের মে, ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতির প্রতিবেদন প্রেরণ।**

সূত্র: স্থানীয় সরকার বিভাগের স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৩৮.১৬.০০৪.০২১.২৪-৮২, তারিখ: ১৫-০৬-২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের মে, ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতির প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০২ (দুই) পাতা।

15.6.2025

(জিয়াউর রহমান)
উপসচিব
ও
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অঃ দাঃ)
ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।
ফোন: ০২-২২৩৩৬৯২৯৭
E-mail: dmco@lgd.gov.bd

সচিব
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[দৃষ্টি আকর্ষণ: উপসচিব (সমন্বয় ও কাউন্সিল শাখা)]

**ঢাকা মশক নিবারণী দপ্তর:**

**মে, ২০২৫ মাসের স্থানীয় সরকার বিভাগের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন:**

| ক্র: নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১. | সিদ্ধান্ত নম্বর-২ (শূন্যপদ পূরণ): | ঢাকা মশক নিবারণী দপ্তরের সাংগঠনিক কাঠামো অনুযায়ী অনুমোদিত পদ সংখ্যা ৩৯৬টি। উক্ত পদের মধ্যে বর্তমানে মোট ২০০ জন কর্মকর্তা/কর্মচারী কর্মরত আছেন এবং ১৯৬ টি পদ শূন্য রয়েছে। উল্লেখ্য যে, সরাসরি নিয়োগযোগ্য ১৪৩ (একশত তেতাল্লিশ)টি শূন্যপদ পূরণের লক্ষ্যে সচিব, স্থানীয় সরকার বিভাগ বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে এবং পদোন্নতি মাধ্যমে পূরণযোগ্য ২৬ (ছাব্বিশ)টি পদ পূরণের লক্ষ্যে নিয়োগবিধি মোতাবেক ইতোমধ্যে গ্রেডেশন তালিকা প্রস্তুত করে পদোন্নতির কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য যে, বর্তমান সরকারের সময়ে এ দপ্তরে কোনো জনবল নিয়োগ করা হয়নি। |
| ২. | সিদ্ধান্ত নম্বর-৩ (মামলাসমূহ): | ঢাকা মশক নিবারণী দপ্তরের শূন্যপদের মধ্যে চাকরিচ্যুত ১১ (এগারো)টি পদে রিট পিটিশন/সিপিএলএ/সিভিল আপিল/মামলা চলমান রয়েছে (০১ টি উচ্চমান সহকারী ও ১০ টি "ক্রু" পদ)। উক্ত মামলাগুলো স্থানীয় সরকার বিভাগের বিজ্ঞ প্যানেল আইনজীবীর মাধমে সরকার পক্ষে পরিচালনা করা হচ্ছে। |
| ৩. | সিদ্ধান্ত নম্বর-৪ (যাহবাহন ব্যবস্থাপনা সংক্রান্ত): | ঢাকা মশক নিবারণী দপ্তরের সাংগঠনিক কাঠমোভুক্ত একটি জীপ গাড়ি নং-(**ঢাকা মেট্রো-ঘ-১১-০২৫৭**) এর বিআরটিএ হতে প্রাপ্ত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক অকেজো ঘোষণা করা হয়। উক্ত অকেজো ঘোষিত জীপ গাড়িটি উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে নিলামে বিক্রয় করে বিক্রয়লব্দ অর্থ ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা করা হয়েছে। |
| ৪. | সিদ্ধান্ত নম্বর-৯ (প্রশিক্ষণ আয়োজন): | জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত অভ্যন্তরীণ প্রশিক্ষণ নীতিমালা, ২০২৩ অনুসরণপূর্বক ২০২৪-২৫ অর্থবছরে ঢাকা মশক নিবারণী দপ্তরের সকল কর্মচারীগণ-কে ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |
| ৫. | সিদ্ধান্ত নম্বর-১৩.১ (ডেঙ্গু নিয়ন্ত্রণ কার্যক্রম): | ঢাকা মশক নিবারণী দপ্তরের মাঠ পর্যায়ের কর্মচারীগণ (সুপারভাইজার, ইনসেক্ট কালেক্টর ও ক্রু'গণ) স্থানীয় সরকার বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী ঢাকা দক্ষিণ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রতিটি অঞ্চলের সংযুক্ত/ন্যস্ত রয়েছে। প্রতিটি অঞ্চলের এক বা একাধিক ওয়ার্ডে এ দপ্তরের কর্মচারীগণ সকালে লার্ভিসাইডিং ও বিকালে এডাল্টিসাইডিং কার্যক্রম পরিচালনা করে থাকেন। এ ছাড়াও, ভি,আই,পি এলাকায় জরুরি ভিত্তিতে উভয় প্রকার কীটনাশক ছিটানো হয়ে থাকে এবং ভেহিক্যাল মাউন্টেড মেশিন দ্বারা বড় বড় ডোবা, নালা, খাল, বিল/ঝিল ও পুকুর সমূহে লার্ভিসাইডিং কার্যক্রম পরিচালনা করা হয়। ঢাকা দক্ষিণ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও সহকারী স্বাস্থ্য কর্মকর্তাগণ এই কাজ সার্বক্ষণিক তদারকি করেন এবং কেন্দ্রীয়ভাবে ভারপ্রাপ্ত কর্মকর্তা/সহকারী পরিচালক, ঢাকা মশক নিবারণী দপ্তর এই কাজের সমন্বয় সাধন ও মনিটরিং করেন। উল্লেখ্য যে, "ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ বিষয়ক জাতীয় কমিটি" এঁর ১ম ২য় ও ৩য় সভার সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে সম্প্রতি ঢাকা দক্ষিণ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে এলাকার অধিক্ষেত্রে নিয়োজিত এ দপ্তরের কর্মচারীগণকে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তাগণের তত্ত্বাবধানে থেকে তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হয়েছে: |

| | | |
|---|---|---|
| | | ১। মশক সুপারভাইজার/ইনসেক্ট কালেক্টর/ক্রুগণ-কে ডেঙ্গুর প্রজনন স্থল ধ্বংস/বিনষ্ট করাসহ ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধিতে স্ব স্ব এলাকায়/অঞ্চলগুলোতে যথাযথভাবে কাজ করতে হবে;<br>২। ঢাকা দক্ষিণ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মপরিকল্পনা মোতাবেক নির্ধারিত সময়ে যথাযথভাবে লার্ভিসাইড প্রয়োগ নিশ্চিত করতে হবে;<br>৩। মশার প্রজনন কেন্দ্র বা প্রজনন স্থল ধ্বংসের লক্ষ্যে বাড়ি/হোল্ডিং পর্যায়ে পরিদর্শন কার্যক্রম নিশ্চিত করতে হবে। একদিন পর পর কীটনাশক প্রয়োগের স্থানে লার্ভার বংশ বিস্তার হচ্ছে কিনা তা পরীক্ষা করতে হবে;<br>৪। ফগিং মেশিন দ্বারা কীটনাশক-কে ধূমায়িত করে এডাল্ট/উড়ন্ত মশা নিধন করতে হবে;<br>৫। জলাবদ্ধ ড্রেন ও জলাশয়ে লার্ভা আছে কিনা? তা নিয়মিতভাবে পরীক্ষা করতে হবে এবং ঊর্ধ্বতন কর্তৃপক্ষ-কে সাথে সাথে অবহিত করতে হবে;<br>৬। এডিস মশার বংশ বৃদ্ধি রোধে বাসা-বাড়িতে পানি জমতে না দেওয়া, দিনে অথবা রাতে মশারি টাঙ্গিয়ে ঘুমানোর অভ্যাস গড়ে তোলা ও মশার কয়েল, লোশন, স্প্রে ইত্যাদি ব্যবহারে করার জন্য জনসাধারণকে উৎসাহিত করতে হবে;<br>৭। তালাবদ্ধ অফিস, বাসা-বাড়ি ও শিক্ষা প্রতিষ্ঠানে এসি, রেফ্রিজারেটর, কমোড এবং আশেপাশে জমে থাকা পানি নিয়মিত পরিষ্কার করতে সংশ্লিষ্ট সকলকে উদ্বুদ্ধকরণ করতে হবে;<br>৮। ডেঙ্গুর প্রজনন ক্ষেত্র হিসেবে চিহ্নিত উন্মুক্ত স্থান এবং নির্মাণাধীন ভবনগুলোর তালিকা হালনাগাদ এবং নিয়মিত পরিদর্শন করতে হবে;<br>৯। ০২ (দুই) ভবনের মাঝখানে মেথর প্যাসেজের গলিতে যাতে কোনো ভাবেই ময়লার স্তূপ জমতে না পারে, সে বিষয়ে ভবন মালিকদের অবহিত করতে হবে;<br>১০। মশক নিধন কার্যক্রম পরিচালনার সময় স্ব স্ব সুরক্ষা সামগ্রী পরিধান নিশ্চিত করতে হবে;<br>১১। সুপারভাইজার/ইনসেক্ট কালেক্টর/ক্রু'গণ ঊর্ধ্বতন কর্তৃপক্ষের বিধি সম্মত আদেশ/নির্দেশনা যথাযথভাবে পরিপালন করবেন; |

15.06.2025

(জিয়াউর রহমান)
উপসচিব
ও
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অঃদাঃ)
ঢাকা মশক নিবারণ দপ্তর, ঢাকা।
ফোন: ০২-২২৩৩৬৯২৯
E-mail: dmco@lgd.gov.bd